

506

দুইটি নতুন হল নির্মিত হইবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলিতে দ্বিগুণেরও বেশী ছাত্রছাত্রী

আনোয়ার আলদীন ॥ তীব্র আরও ৪০ লক্ষ টাকা ব্যয়ে শামসুন্নাহার, আবাসিক সংকট নিরসনের লক্ষ্যে ২০ রোকেয়া ও কুয়েত মৈত্রী হলের ভবন বর্ধিত কোটি টাকা ব্যয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় আসন্ন জুন মাসে আরও দুইটি আবাসিক কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়াছে, হল নির্মাণ শুরু হইবে। এই ব্যাপারে নতুন হল দুইটির প্রতিটি ফ্লোরে কিচেন ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করা রুম এবং ফ্রিজ থাকিবে। এইখানে ছাত্র-হইয়াছে। প্রতিটি ৫ তলা বিশিষ্ট সর্বাধুনিক ছাত্রীরা রান্না করার সুবিধা লাভ করিবে। সুবিধাসমৃদ্ধ এই হল দুইটির একটি হইবে বিশ্ববিদ্যালয়ের কোন হলে এই ব্যবস্থা নাই। হলের প্রতিটি কক্ষ হইবে ৪ সীটের ছাত্রী হলটি স্থাপন করা হইবে। শত করিয়া এক হাজার ছাত্র-ছাত্রীর আবাসিক সংকুলান হইবে। ইহাছাড়া (১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ প্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে হল

(শেষ পৃষ্ঠার পর)

নিউমার্কেটের পশ্চাৎভাগের বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের সম্মুখস্থ মাঠে। আর ছাত্র হলটি নির্মিত হইবে কার্জন হল এলাকায়। গত বছরের সিনেট অধিবেশনে ছাত্রী হলটির নাম 'বেগম ফজিলাতুন্নেসা মুজিব হল' রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এখনও সিন্ডিকেটে এই নাম অনুমোদন পায় নাই। ছাত্র হলের নাম এখনও ঠিক হয় নাই। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসিক হলের সংখ্যা ১৪। ইহার মধ্যে ছাত্র হল ১১টি এবং ছাত্রী হল ৩টি। রোকেয়া হলের প্রান্তভাগে নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী নিবাস নামে একটি ছাত্রী নিবাস রহিয়াছে। ইহাছাড়া বিদেশী ছাত্রদের জন্য রহিয়াছে আন্তর্জাতিক ছাত্রাবাস এবং গ্রীন রোডে আইবিএ ছাত্রদের জন্য আইবিএ হোস্টেল।

বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই হল এবং হোস্টেলে আবাসিক ধারণ ক্ষমতা ৭ হইলেও প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রী কষ্টকর অবস্থায় বসবাস করিতেছে। একটি কক্ষে ডাবলিং, ট্রিপলিং করিয়াও থাকিতে হইতেছে। কয়েকটি হলে তো প্রথম বর্ষের ছাত্র-ছাত্রী সীটই পায় না। বিশ্ববিদ্যালয়ে যে হারে ছাত্র-ছাত্রী বাড়িতেছে সেই হারে আবাসিক ব্যবস্থা হইতেছে না।

বিশ্ববিদ্যালয়ে ৩৩০ কোটি টাকার উন্নয়ন কর্মসূচী চলিতেছে। এই উন্নয়নের মধ্যে শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন এবং একাডেমিক ভবন প্রাধান্য পাইয়াছে।

তবে ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানাইয়াছেন উল্লেখিত দুইটি আবাসিক হল ছাড়া আরও দুইটি হল নির্মাণের পরিকল্পনা নেওয়া হইবে।